

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শাখা: কারিগরি-১  
পরিবহন পুল ভবন, ঢাকা।  
www.moedu.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৭৬.০৯.০০৩.১৫ (অংশ)-৭৮৩

তারিখ : ২৪ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ  
০৮ আগস্ট ২০১৭ খ্রিস্টাব্দ

### প্রজ্ঞাপন

কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন কুষ্টিয়া পলিটেকনিক ইনস্টিটিউট এর জুনিয়র ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল) জনাব মোঃ মোস্তাফিজুর রহমান বিগত ২১/১০/২০১৫ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। এহেন অননুমোদিত অনুপস্থিতির জন্য শিক্ষা মন্ত্রণালয়ের ০৭/০২/২০১৫ খ্রি. তারিখের ৩৭.০০.০০০০.০৭৬.০৯.০০৩.১৫-১১৯ সংখ্যক স্মারকের মাধ্যমে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (বি) মোতাবেক ‘অসদাচরণ’ এবং ৩ (সি) মোতাবেক ‘ডিজারশন’ এর অভিযোগে তার নিকট অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়।

০২। উল্লিখিত অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর জবাবের পরিপ্রেক্ষিতে গত ২৪/০৪/২০১৭ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। শুনানিকালে দেখা যায় যে, তিনি শিক্ষানবিশকাল অতিক্রমের পূর্বেই কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন, সেহেতু তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (বি) মোতাবেক ‘অসদাচরণ’ এবং ৩ (সি) মোতাবেক ‘ডিজারশন’ এর অভিযোগে সংশ্লিষ্ট বিধিমালার ৪ (৭) (এ) উপবিধি অনুযায়ী “চাকরি থেকে অব্যাহতি (Termination)” প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। রঞ্জুকৃত বিভাগীয় মোকদ্দমার ধারাবাহিক কার্যক্রমের আলোকে উপর্যুক্ত বিধিমালার বিধি ৪(৭) (এ) উপবিধি অনুযায়ী জনাব মোঃ মোস্তাফিজুর রহমান-কে “চাকরি থেকে অব্যাহতি (Termination)” দেয়ার বিষয়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের পরামর্শ গ্রহণ করা হয়। কমিশন সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর উপবিধি ৪(৭) (এ) মোতাবেক অভিযুক্ত জনাব মোঃ মোস্তাফিজুর রহমান-কে “চাকরি থেকে অব্যাহতি (Termination)” দেয়ার ব্যাপারে কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে মর্মে মতামত প্রদান করে।

০৩। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের মতামত এবং সংশ্লিষ্ট সকল রেকর্ডপত্র পর্যালোচনায় জনাব মোঃ মোস্তাফিজুর রহমান-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর উপবিধি ৩ (বি) মোতাবেক ‘অসদাচরণ’ এবং ৩ (সি) মোতাবেক ‘ডিজারশন’ এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে উক্ত বিধিমালার উপবিধি ৪ (৭) (এ) অনুযায়ী “চাকরি থেকে অব্যাহতি (Termination)” দেয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

০৪। এমতাবস্থায়, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর উপবিধি ৪(৭) (এ) অনুযায়ী কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন কুষ্টিয়া পলিটেকনিক ইনস্টিটিউট এর জুনিয়র ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল) জনাব মোঃ মোস্তাফিজুর রহমান-কে (জুনিয়র ইন্সট্রাক্টর-ইলেকট্রিক্যাল, কুষ্টিয়া পলিটেকনিক ইনস্টিটিউট) বিগত ২১/১০/২০১৫ তারিখ হতে “চাকরি থেকে অব্যাহতি (Termination)” প্রদান করা হলো।

০৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-  
(মোঃ আলমগীর)  
সচিব

উপ-নিয়ন্ত্রক,


বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।  
(প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

নং- ৩৭.০০.০০০০.০৭৬.০৯.০০৩.১৫ (অংশ)-৭৮৩

তারিখ : ২৪ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ  
০৮ আগস্ট ২০১৭ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

১. সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭।
২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (জনাব মো: মোস্তাফিজুর এর ব্যক্তিগত নথিতে/ ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
৩. অধ্যক্ষ, কুষ্টিয়া পলিটেকনিক ইনস্টিটিউট, কুষ্টিয়া।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা।
৫. প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (এ আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
৬. জনাব মো: মোস্তাফিজুর রহমান, জুনিয়র ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল), কুষ্টিয়া পলিটেকনিক ইনস্টিটিউট, কুষ্টিয়া।

  
(মোছা: নাজনীন সুলতানা)  
উপসচিব  
ফোনঃ ৯৫ ৮৪ ৬৬৬